



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট

Web: [www.sylhetboard.gov.bd](http://www.sylhetboard.gov.bd), E-mail: [chairmanbisesyl@gmail.com](mailto:chairmanbisesyl@gmail.com)

স্মারক নং : সিশিবো/প্রশা (বিবিধ)/৪৯৬

তারিখ : ২৮ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ  
১১ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয় : মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর তথ্য অধিকার ও সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) কমিটির সভার বিষয়ে অবহিতকরণ।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড সিলেট এর তথ্য অধিকার ও সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) কমিটির এক সভা আগামী ১৯/০৬/২০২৪ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় বোর্ডের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সম্মানিত সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

আলোচ্যসূচি :

১. মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর সেবার মান উন্নীতকরণ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ;
২. বোর্ডের সেবাদাতাদের তথ্য অধিকার ও সিটিজেনস চার্টার বিষয়ে প্রশিক্ষণ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
৩. বিবিধ।

(মোহাম্মদ মঈনুল ইসলাম)

আহ্বায়ক

তথ্য অধিকার ও সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন ও  
বাস্তবায়ন কমিটি

ও

বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
সিলেট।

প্রাপক : তথ্য অধিকার ও সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন  
(সিটিজেনস চার্টার) ও বাস্তবায়ন কমিটির  
সম্মানিত সদস্যবৃন্দ।

অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট।
২. সংরক্ষণ নথি।



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট

Web: [www.sylhetboard.gov.bd](http://www.sylhetboard.gov.bd), E-mail: [chairmanbisesyl@gmail.com](mailto:chairmanbisesyl@gmail.com)

## ‘সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন (সিটিজেনস চার্টার) ও বাস্তবায়ন কমিটি’র ১৯/০৬/২০২৪ খ্রি. তারিখের সভার কার্যবিবরণী :

অদ্য ১৯/০৬/২০২৪ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) প্রণয়ন ও বাস্তবায়ন কমিটি এক সভা কমিটির আহ্বায়ক ও অত্র শিক্ষা বিদ্যালয় পরিদর্শক জনাব মোহাম্মদ মঈনুল ইসলাম এর সভাপতিত্বে বোর্ডের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়।

সভায় নিম্নবর্ণিত সদস্যগণ উপস্থিত ছিলেনঃ

১. জনাব পংকজ মল্লিক, সহকারী প্রোগ্রামার।
২. জনাব মোঃ জাহাঙ্গীর আলম, সহকারী বিদ্যালয় পরিদর্শক।
৩. জনাব আজগর আলী কাজী, সেকশন অফিসার।
৪. জনাব সব্যসাচী রায়, হিসাবরক্ষক/ অডিটর।

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় নিম্নোক্ত বিষয়ে আলাপ আলোচনা হয়।

**আলোচ্যসূচি- ১:** মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে অত্র শিক্ষা বোর্ডের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) প্রতি তিন মাস অন্তর হালনাগাদ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

**সিদ্ধান্ত :** মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট এর ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি শতভাগ বাস্তবায়নের লক্ষ্যে অত্র বোর্ডের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) প্রতি তিন মাস অন্তর হালনাগাদ করার সিদ্ধান্ত গ্রহীত হয়।


**আলোচ্যসূচি- ০২ :** বোর্ডের সেবাদাতাদের (কর্মকর্তা-কর্মচারী) তথ্য অধিকার ও সিটিজেনস চার্টার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।


**সিদ্ধান্ত :** বোর্ডের সেবাদাতাদের (কর্মকর্তা-কর্মচারী) তথ্য অধিকার ও সিটিজেনস চার্টার সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে একটি প্রশিক্ষণ প্রদানের বিষয়ে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।


আলোচ্যসূচি -৩ ঃ প্রশিক্ষণ প্রদান বিষয়ে সেবাদাতাদের অবহিতকরণ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।


**সিদ্ধান্ত:** তথ্য অধিকার ও সিটিজেন্স চার্টার বিষয়ে সেবাদাতাদের (কর্মকর্তা-কর্মচারী) সমন্বয়ে আগামী ২৩/০৬/২০২৪ ও ২৪/০৬/২০২৪ খ্রি. তারিখে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে বোর্ডের সভাকক্ষে প্রশিক্ষণ আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।


আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
সব্যসাচী রায়  
তিসাবরক্ষক/অডিটর  
সদস্য  
সিটিজেন্স চার্টার

  
আজগর আলী কাজী  
সেকশন অফিসার  
সদস্য  
সিটিজেন্স চার্টার

  
মোঃ জাহাঙ্গীর আলম  
সহঃ বিদ্যালয় পরিদর্শক  
সদস্য  
সিটিজেন্স চার্টার

  
পংকজ মলিক  
সহকারী প্রোগ্রামার  
সদস্য সচিব  
সিটিজেন্স চার্টার

  
মোহাম্মদ মঈনুল ইসলাম  
বিদ্যালয় পরিদর্শক  
আহ্বায়ক  
সিটিজেন্স চার্টার